# এক বৎসরকালীন বাংলা ভাষা ডিপ্লোমা পাঠক্রম
# প্রথম যান্মাসিক (২য় পত্র)
# বরাক উপত্যকা বঙ্গ সাহিত্য ও সাংস্কৃতি সম্মেলন
# দূর শিক্ষাকেন্দ্র
# হোম অ্যাসাইনমেন্ট ২০২৩
# বাংলা ভাষা বিজ্ঞান

পূর্ণমান :- ২০

উত্তরপত্র জমা দেওয়ার শেষ তারিখ- ৩০ জুন, ২০২৩

*উত্তরগুলো পরীক্ষার্থীকে নিজ হাতে, নিজস্ব ভাষায় লিখতে হবে, মূল পাঠ্যবই থেকে সরাসরি তুলে দিলে নম্বর কাটা যাবে।*

(১) **যে কোনও চারটি প্রশ্নের উত্তর দিন।** ১×৪ = ৪

(ক) হরিচরণ বন্দ্যোপাধ্যায় তাঁর 'বঙ্গীয় শব্দকোষ' গ্রন্থে ব্যাকরণ সম্বন্ধে কী অভিমত দিয়েছেন?

(খ) অনুশাসনক বা নির্দেশক ব্যাকরণের কাজ কী?

(গ) ভাষাচার্য রূপে কোন ভাষাতত্ত্ববিদকে সম্মানিত করা হয়?

(ঘ) বাংলা ব্যাকরণের ধারাটির সময়কাল কীভাবে গণনা করা হয়েছে?

(ঙ) কারা প্রথমে অভিমত দিয়েছেন যে বাংলার সাংস্কৃত প্রভাবমুক্ত নিজস্ব ব্যাকরণ প্রয়োজন?

(২) **নিম্নলিখিত যে কোনও দুইটি প্রশ্নের ৩০টি শব্দের মধ্যে উত্তর লিখুন।** ২×২ = ৪

(ক) অক্ষর এবং বর্ণের মধ্যে পার্থক্য, উদাহরণ দিয়ে বুঝিয়ে লিখুন।

(খ) স্পর্শবর্ণ ও উষ্ণবর্ণের মাঝখানের বর্ণগুলো কী কী? ব্যঞ্জনবর্ণের ক্রমে এরা কী নামে পরিচিত?

(গ) শুনিয়া > শুইন্যা> শুনে :- বাংলা ধ্বনি পরিবর্তনের এই ধারাটির নাম কী? এর বৈশিষ্ট্যটি লিখুন।

(ঘ) ধূলিসাৎ, ভূমিসাৎ, অগ্নিসাৎ-এই শব্দের বানানে কোন বিধি (ণ-ত্ব/ষত্ব) প্রযোজ্য হয়েছে? এই বিধির নিয়মটি লিখুন।

(৩) **৫০টি শব্দের মধ্যে একটির উত্তর লিখুন।** ২×১ = ২

(ক) ক্রিয়াপদ ও ধাতুর মধ্যে পার্থক্য উদাহরণ সহ বুঝিয়ে লিখুন।

(খ) শব্দ ও পদের মধ্যের সম্পর্ক কী? বাক্য গঠনে পদের গুরুত্ব কতখানি? উদাহরণ দিয়ে লিখুন।

(গ) বাংলা শব্দভান্তারে 'দেশি', 'বিদেশি' শব্দ বলতে কী বোঝায়? উদাহরণ দিয়ে লিখুন।

(৪) **একটি প্রশ্নের উত্তর বিস্তারিতভাবে লিখুন।** ৪×১ = ৪

(ক) বাংলা ভাষার মধ্যযুগে অষ্টাদশ শতকে সাধু গদ্য রীতিটি কীভাবে গড়ে উঠেছিল? এই প্রসঙ্গে ফোর্ট উইলিয়াম কলেজের অবদান বর্ণনা করুন।

(খ) বাংলা ভাষার পঞ্চভুবন কোনগুলি? এগুলির অবস্থান বিষয়ে সংক্ষেপে লিখুন।

(৫) **প্রদত্ত অনুচ্ছেদটি পড়ে নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন-** ৩×২ = ৬

বাংলা ভাষার ক্ষেত্রে ঐতিহাসিক প্রক্রিয়ায়ই ঔপনিবেশিক রাজধানী হিসেবে গড়ে ওঠা কলকাতা মহানগরী এবং এর পাশ্ববর্তী পূর্ব হাওড়া, উত্তর চব্বিশ পরগণা এবং নদীয়ার কথ্যভাষা নিয়ে একটি মান্যচলিত, Standard Colloqual ভাষার আত্মপ্রকাশ ঘটে, যে ভাষা একটা আদর্শ ভাষা হিসেবে তৎকালীন বঙ্গভূমির প্রায় সমস্ত অঞ্চলে মান্যতা লাভ করেছে। তবে ভাষা-পৃথিবীতে উপভাষারও একটা অস্তিত্ব রয়েছে। এলাকা অনুযায়ী একটি ভাষার গড়ে ওঠা Variety (বৈচিত্র্য)ই সে ভাষার উপভাষা। এর উপভাষাগুলো শব্দগত, উচ্চারণগত এমনকি ব্যাকরণগত ভাবেও মূলভাষা বা মান্য ভাষা সামান্য থেকে ভিন্ন হতে পারে। আসলে কোনও উপভাষা হলো একটি ভাষার ভৌগোলিক রূপভেদ।

(ক) বাংলা ভাষার মান্যচলিতরূপটি কীভাবে গড়ে উঠেছে?

(খ) মান্যচলিত রূপের সঙ্গে উপভাষার কি কোথাও পার্থক্য থাকতে পারে? তাহলে সেগুলি কী কী?

(গ) সময়ের কালস্রোতে কোনও বিশেষ অঞ্চলের উপভাষাটি কখনো কি মূল স্রোতভাষা হয়ে উঠতে পারে? উত্তরের স্বপক্ষে যুক্তি দিয়ে লিখুন।